**ক্লাস অ্যাকশন সংক্রান্ত প্রস্তাবিত নিষ্পত্তির বিজ্ঞপ্তি**
**নিউ ইয়র্কের নার্সিং হোম ট্রানজিশন অ্যান্ড ডাইভারশন**
**(NURSING HOME TRANSITION AND DIVERSION, NHTD) প্রোগ্রাম**

## এই বিজ্ঞপ্তিটি কার পড়া উচিত?

এই বিজ্ঞপ্তিটি আপনার পড়া উচিত যদি আপনি সেই শ্রেণীর (গ্রুপের অংশ) একজন সদস্য হন যা *Bagley v. New York State Department of Health (ব্যাগলি বনাম নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ)* ক্লাস অ্যাকশন মামলার নিষ্পত্তির দ্বারা প্রভাবিত হবে। আপনি একজন ক্লাস মেম্বার (Class Member) যদি আপনি:

(1) একজন নিউ ইয়র্ক সিটির বাসিন্দা হন যিনি,
(2) 18 আগস্ট, 2012 এর পর যে কোনো সময়ে,
(3) Medicaid কভারেজের প্রাপক ছিলেন বা হয়েছেন যা কমিউনিটি-ভিত্তিক দীর্ঘমেয়াদী পরিচর্যা পরিষেবাগুলিকে সমর্থন করে এবং
(4) আপনার বয়স আঠারো বছরের বেশী হয়, এবং
(5) আপনি আবেদন করেছেন, আবেদন করছেন অথবা, আদালতের নিষ্পত্তি চুক্তির (Settlement Agreement) অনুমোদনের পর তিন বছরের সময়কালে, আপনি নিউ ইয়র্ক সিটিতে NHTD দাবিত্যাগ প্রোগ্রাম (NHTD Waiver Program) পরিষেবার জন্য আবেদন করেছেন, এবং
(6) আপনি ইনটেক ইন্টারভিউ পর্যায়ে NHTD দাবিত্যাগ প্রোগ্রামের জন্য অযোগ্য বলে বিবেচিত হয়েছেন, অথবা
(7) আপনাকে বলা হয়েছিল যে আপনি সম্ভবত যোগ্য কিন্তু পরবর্তীকালে সেই সিদ্ধান্তের আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি না পেয়েই অযোগ্য বলে বিবেচিত হয়েছিলেন; এবং
(8) আপনি কখনই NHTD দাবিত্যাগ প্রোগ্রামে নথিভুক্ত হননি।

## এই বিজ্ঞপ্তিটি কিসের বিষয়ে?

এই বিজ্ঞপ্তিটি এমন একটি মামলা নিষ্পত্তির বিষয়ে যা আপনার অধিকারকে প্রভাবিত করতে পারে। 2015 সালে, NHTD দাবীত্যাগ প্রোগ্রাম সম্পর্কিত একটি ক্লাস অ্যাকশন মামলা ("মামলা") ফেডারেল আদালতে *Bagley et al. v. New York State Department of Health et al. (ব্যাগলি এবং অন্যান্য বনাম নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ এবং অন্যান্য)* নামে দায়ের করা হয়েছিল। এই মামলায় অভিযোগ করা হয়েছে, অন্যান্য বিষয়ের মধ্যে, স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) নিউ ইয়র্ক সিটিতে NHTD দাবীত্যাগের প্রোগ্রামটি বেশ কয়েকটি সমস্যাযুক্ত উপায়ে পরিকল্পিত এবং পরিচালনা করেছে যা যোগ্য আবেদনকারীদের জন্য পরিষেবা প্রাপ্ত করা কঠিন করে তুলেছে। DOH অস্বীকার করেছে যে এটি ভুলভাবে কাজ করেছে। বাদী এবং DOH এখন একটি নিষ্পত্তির প্রস্তাব করছেন যা তাদের মতে সকল ক্লাস মেম্বারদের জন্য ন্যায়সঙ্গত। তবে, এটি কার্যকর করার জন্য আদালতকে নিষ্পত্তি চুক্তিটি অনুমোদন করতে হবে।

## নিষ্পত্তি চুক্তিতে কী আছে?

সাধারণভাবে, নিষ্পত্তি চুক্তির লক্ষ্য হল আবেদনকারীদের সাথে যোগাযোগ উন্নত করা, NHTD প্রোগ্রাম পরিষেবাগুলিকে আরও সহজে উপলব্ধ করা এবং আবেদন প্রক্রিয়াকে গতিশীল করা। এই লক্ষ্যগুলি অর্জন করতে নিষ্পত্তির জন্য অন্যান্য বিষয়গুলির মধ্যে নিম্নলিখিতগুলি প্রয়োজন:

- যে সংস্থাগুলি NHTD দাবীত্যাগ প্রোগ্রামের মাধ্যমে পরিচালনা বা পরিষেবা প্রদান করে তাদের জন্য অতিরিক্ত প্রশিক্ষণ;
- NHTD দাবীত্যাগ প্রোগ্রাম এবং আবেদন প্রক্রিয়ার সাথে এই কমিউনিটিতে উপলব্ধ পরিষেবাগুলি সম্পর্কে তাদের সচেতন করতে ক্লাস মেম্বারদের, নার্সিং হোমের বাসিন্দাদের, নার্সিং হোমের প্রশাসক এবং ডিসচার্জ প্ল্যানার এবং অন্যান্যদের কাছে পৌঁছানো;
- নিউ ইয়র্ক সিটিতে সাধারণ ভাষায় সামঞ্জস্যপূর্ণ এবং স্পষ্ট লিখিত নোটিশ, বড় হরফে লেখা, ব্রেইল বা অনুরোধের ভিত্তিতে অ্যাক্সেসযোগ্য ইলেকট্রনিক ফর্ম্যাট;
- আবেদনকারী কীভাবে সিদ্ধান্তটিকে চ্যালেঞ্জ করতে পারে সেই সম্পর্কে অস্বীকৃতি বিজ্ঞপ্তিতে তথ্য;
- অ্যাপার্টমেন্ট খোঁজার জন্য আবেদনকারীদের এবং পরিষেবা সমন্বয়কারীদের সাহায্য করার জন্য আবাসন বিশেষজ্ঞদের নিয়োগ করা;
- পরিষেবা সমন্বয় সংস্থাগুলির (Service Coordination Agencies) জন্য ব্যয়পূরণের হার বাড়ানোর অনুমোদন চাওয়া যাতে তারা Medicare এবং Medicaid পরিষেবা কেন্দ্রের (Center for Medicare and Medicaid Services, CMS) অনুমোদন সাপেক্ষে NHTD প্রোগ্রাম পরিষেবাগুলি শুরু হওয়ার আগে আবেদনকারীদের সাহায্য করার জন্য কর্মীদের সময় বিনিয়োগ করতে পারে;
- আবেদনকারীদের আরও দক্ষতার সাথে স্থানান্তরিত করতে এবং কমিউনিটি-ভিত্তিক পরিষেবাগুলি গ্রহণ করতে সহায়তা করার জন্য NHTD প্রোগ্রাম এবং ওপেন ডোরস প্রোগ্রামের (Open Doors Program) মধ্যে সমন্বয় বাড়ানো।
- যে সকল আবেদনকারীদের কেসের ক্ষেত্রে জটিলতা রয়েছে যা ব্যক্তির পক্ষে NHTD প্রোগ্রাম পরিষেবাগুলি অ্যাক্সেস করা কঠিন করে তুলেছে তাদের জন্য NYC NHTD দাবীত্যাগ প্রোগ্রাম অ্যাডমিনিস্ট্রেটরের দ্বারা সহায়তা বাড়ানো।

পরিবর্তনগুলি NHTD দাবীত্যাগ প্রোগ্রাম ম্যানুয়াল-এর একটি নতুন সংস্করণে প্রতিফলিত হবে, যা প্রোগ্রামে পরিষেবা প্রদানকারী সমস্ত সংস্থা এবং DOH এর ওয়েবসাইটে সাধারণ জনগণের জন্য উপলব্ধ।

এটি নিষ্পত্তি চুক্তির একটি সংক্ষিপ্ত সারসংক্ষেপ মাত্র। নিষ্পত্তি চুক্তি, যা নিষ্পত্তির সমস্ত শর্তাবলীর বিশদ বিবরণ দেয়, তা https://mobilizationforjustice.org/nhtd/ এই ওয়েবসাইটে রয়েছে। নিষ্পত্তি চুক্তির একটি অনুলিপি পেতে, অথবা আপনার কোনো প্রশ্ন থাকলে, আপনি ক্লাস মেম্বারদের উপদেষ্টাকে কল, মেইল বা ইমেইল করতে পারেন । এখানে তাদের যোগাযোগের তথ্য রয়েছে:

**Mobilization for Justice**
**110 William Street, 6th Floor**
**New York, NY 10038**
**Phone: 212-417-3700**
**Fax: 212-417-3891**
nhtdclass@mfjlegal.org
**বা**
**Patterson Belknap Webb & Tyler LLP**
**1133 Avenue of the Americas**
**New York, NY 10036**
**Phone: 212-336-2000**
**Fax: 212-336-2222**
nhtdclass@mfjlegal.org

## মুক্তি

আদালত যদি নিষ্পত্তি চুক্তিটি অনুমোদন করে, তাহলে মামলার জন্ম দেওয়ার ঘটনাগুলির ক্ষেত্রে DOH ঘোষণামূলক, নিষেধাজ্ঞামূলক বা অন্য কোনো ন্যায়সঙ্গত ত্রাণ চাওয়ার বাধ্যবাধকতা থেকে মুক্তি পাবে। এর মানে হল যে আপনি নিষ্পত্তি চুক্তির কার্যকর তারিখের আগে NHTD দাবীত্যাগ প্রোগ্রামের আবেদন সংক্রান্ত ঘটনাগুলির জন্য DOH এর বিরুদ্ধে মামলা করতে পারবেন না।

## নিষ্পত্তির শর্তাবলীর উপর আপনার মন্তব্য করার বা আপত্তি করার অধিকার আছে

## নিষ্পত্তিটি অনুমোদন করার আগে, আদালত একটি "ন্যায্যতা শুনানীর" আয়োজন করবে যে কোনো আপত্তি শোনার জন্য

### আমি যদি নিষ্পত্তি চুক্তির সাথে একমত হই তাহলে আমাকে কি কিছু করতে হবে?

না। আপনি যদি নিষ্পত্তি চুক্তির সাথে একমত হন, তাহলে আপনাকে কিছু করতে হবে না। আদালত নিষ্পত্তি চুক্তিটির অনুমোদন করলে, আপনি উপরে বর্ণিত পদক্ষেপগুলি দেখতে পাবেন। আপনিও নিষ্পত্তি চুক্তিতে আবদ্ধ থাকবেন।

### আমি কীভাবে নিষ্পত্তি চুক্তিতে আপত্তি জানাতে পারি?

নিষ্পত্তি চুক্তিতে আপনি আপত্তি বা মন্তব্য করতে পারেন এমন দুটি উপায় রয়েছে:

1. আপনি আদালতকে "**Bagley Settlement**" (**ব্যাগলি সেটেলমেন্ট**) চিহ্নিত একটি চিঠি বা অন্যান্য লিখিত বিবৃতি প্রদান করতে পারেন যাতে নিষ্পত্তির বিষয়ে আপনার আপত্তি বা মন্তব্য রয়েছে। আপনার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, স্বাক্ষর এবং আপনি নিষ্পত্তি চুক্তিতে যে সমস্ত

কারণে আপত্তি করছেন তার সম্পূর্ণ ব্যাখ্যা অন্তর্ভুক্ত করতে ভুলবেন না। আপনি চিঠিটি আদালতের ক্লার্ককে (Clerk of the Court) ব্যক্তিগতভাবে, [insert date from Order] তারিখে বা তার আগে বা ডাকযোগে পাঠাতে পারেন, সেক্ষেত্রে চিঠিটি __[insert from Order]____-এর মধ্যে পোস্টমার্ক করতে হবে। এছাড়াও আপনাকে অবশ্যই চিঠির একটি অনুলিপি Patterson Belknap Webb & Tyler LLP বা Mobilization for Justice, ক্লাস মেম্বারদের আইনজীবীদের কাছে পাঠাতে হবে। আইনজীবীদের ডাক ঠিকানা উপরে তালিকাভুক্ত করা হয়েছে। আদালতের ঠিকানা নিচে দেওয়া হয়েছে:

**Clerk of the Court**
**United States District Court for the Eastern District of New York**
**225 Cadman Plaza East**
**Brooklyn, New York 11201**

2. আপনি ন্যায্যতা শুনানির (Fairness Hearing) দিনে আদালতে আসতে পারেন (নীচে দেখুন) এবং আপনার মন্তব্য এবং/অথবা আপত্তি(গুলি) সম্পর্কে বিচারককে বলতে পারেন। ন্যায্যতা শুনানী বিচারক ফ্রেডেরিক ব্লকের Courtroom 10C South-এর 10ম তলায়, United States District Courthouse, 225 Cadman Plaza East, Brooklyn, New York, ___________, 2024, _____ টায় অনুষ্ঠিত হবে। আপনি যদি কোনো মন্তব্য করতে না চান বা আপনি যদি লিখিতভাবে কোনো আপত্তি বা মন্তব্য করেন তাহলে আপনাকে ন্যায্যতা শুনানীতে উপস্থিত থাকতে হবে না।

আপনার কোনো প্রশ্ন থাকলে, আপনি ক্লাস মেম্বারদের উপদেষ্টাকে কল করতে বা ইমেইল করতে পারেন।

## আদালতে ফোন করবেন না

এই বিজ্ঞপ্তিটি আরবী, বাংলা, বার্মিজ, চীনা, ফ্রেঞ্চ, হাইতিয়ান-ক্রিওল, ইতালিয়ান, জাপানী, কোরিয়ান, নেপালী, পোলিশ, রাশিয়ান, স্প্যানিশ, উর্দু এবং ইদ্দিশ ভাষায় নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে https://health.ny.gov/facilities/long_term_care/nhtd/resources/index.htm ।